

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং-১/২০১৩

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০১৩
১৬ ফাল্গুন ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় প্রসঙ্গে।

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আরোপ করে ১৩ নভেম্বর ২০১২ তারিখে প্রকাশিত সার্কুলার নং-৩/২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আন্তঃ ব্যাংক লেনদেনের নিস্পত্তি দ্রুত ও নিরাপদ করার জন্য ২০১০ সালে BACH চালুর মাধ্যমে সমগ্র দেশের ৪১টি নিকাশ ঘরকে একটি মাত্র সমন্বিত নিকাশ (Clearing) ব্যবস্থায় একীভূত করা হয়। BACH এর দুটি শাখা - বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এবং বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) ব্যাংকগুলোর মাধ্যমে গ্রাহকদের বিশ্বমানের সেবা প্রদান করছে। আমাদের দেশে কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘরের মাধ্যমে আন্তঃ ব্যাংক লেনদেন নিস্পত্তি হলেও প্রতিবেশী দেশগুলোসহ অধিকতর অগ্রসর দেশগুলোয় দক্ষ এবং উন্নত ব্যবস্থাপনার স্বার্থে নিকাশ ব্যবস্থার সদস্যদের দ্বারা গঠিত পৃথক সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের নিজস্ব আয় থেকে ব্যয় সংস্থানের ভিত্তিতে নিকাশ ব্যবস্থা পরিচালিত হচ্ছে। উচ্চ প্রযুক্তি সমৃদ্ধ BACH পরিচালনায় একই মডেল অবলম্বনের প্রারম্ভিক পর্যায় হিসেবেই পিএসডি সার্কুলার নং-৩/২০১২ দ্বারা BACH এর মাধ্যমে লেনদেনের উপর ন্যূনতম মাত্রায় চার্জ আরোপ করা হয়। এ বিষয়ে বিভিন্ন মহলের প্রতিক্রিয়া বিবেচনায় নিয়ে চার্জ এর কাঠামো নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত নেয়া হয়েছে, যাতে BACH ও অংশ গ্রহণকারী ব্যাংকগুলোর মধ্যে চার্জ এর বন্টন যৌক্তিককরণ ছাড়াও কিছু কিছু লেনদেন নিস্পত্তি আপাততঃ চার্জ এর আওতামুক্ত থাকবে।

- (১) ৫০ হাজার টাকার কম সব ধরনের চেক ক্লিয়ারিং চার্জ এর আওতামুক্ত থাকবে ;
- (২) চেকের পরিবর্তে ইলেক্ট্রনিক পদ্ধতির ব্যবহার উৎসাহিত করার লক্ষ্যে সকল EFT লেনদেন চার্জ এর আওতামুক্ত থাকবে ;
- (৩) সকল ধরনের G2P (সরকার কর্তৃক ব্যক্তিকে প্রদেয়) চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে ;
- (৪) টাকার অংক নির্বিশেষে সকল ধরনের সরকারী প্রাপ্তির বিপরীতে (যথাঃ চালানের বিপরীতে কিংবা সঞ্চয়পত্র ক্রয়ের উদ্দেশ্যে) গৃহীত চেক, ইউটিলিটি বিল এবং সিটি কর্পোরেশন/পৌরসভার বিভিন্ন পাওনার বিপরীতে গৃহীত সকল চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে ;
- (৫) ৫০ হাজার কিংবা তদূর্ধ্ব কিন্তু ৫ লক্ষ টাকার কম অঙ্কের চেক ক্লিয়ারিং এর জন্য ১০ টাকা (ভ্যাটসহ) চার্জ আদায়যোগ্য হবে; যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৮ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ২ টাকা ;
- (৬) দেশের যেকোন অঞ্চলের হাইভ্যালু চেক (৫ লক্ষ টাকা বা তদূর্ধ্ব) Same Day Clearing এর জন্য ভ্যাটসহ ৬০ টাকা চার্জ প্রযোজ্য হবে যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৫০ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ১০ টাকা। তবে ৫ লক্ষ বা তদূর্ধ্ব অঙ্কের চেক রেগুলার ভ্যালু ক্লিয়ারিংয়ে উপস্থাপিত হলে (ভ্যাটসহ) সর্বোচ্চ ২৫ টাকা চার্জ প্রযোজ্য হবে, যার মধ্যে BACH ও উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে যথাক্রমে ২০ টাকা ও ৫ টাকা ;
- (৭) ধার্যকৃত চার্জ চেকের প্রাপক (Payee) থেকে আদায় করা যাবে। তবে কোন ব্যাংক নিজস্ব সিদ্ধান্তে গ্রাহকের কাছ থেকে চার্জ গ্রহণ না করে নিজস্ব উৎস হতেও BACH এর প্রাপ্য চার্জ পরিশোধ করতে পারবে।

চার্জ হিসাবায়নের সুবিধার্থে অংশগ্রহণকারী প্রতিটি ব্যাংক, পরবর্তী মাসের দ্বিতীয় কর্মদিবসের মধ্যে পূর্ববর্তী মাসে সম্পাদিত চার্জের আওতাবহির্ভূত লেনদেনের তথ্য (যথাঃ চেক নম্বর, উপস্থাপনের তারিখ ও টাকার অংক) সম্বলিত একটি তালিকা অত্র বিভাগে দাখিল করবে।

সংশোধিত এ ক্লিয়ারিং চার্জ মার্চ ২০১৩ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(এস.এম, রেজাউল করিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩১১